

## অভিবাসন বিষয়ে প্রচারণায় নতুন উদ্যোগ, হচ্ছে জেলা-উপজেলায় সেমিনার

### বৈদেশিক কর্মসংস্থানে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সেমিনার

#### প্রেস রিলিজ

ঢাকা, ২২ মে ২০১৯

নিরাপদ, নিয়মিত, সুশৃঙ্খল ও দায়িত্বশীল শ্রম অভিবাসনের জন্য ব্যাপক গণসচেতনতার প্রয়োজনীয়তা বিবেচনা করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি'র নির্দেশনায় মন্ত্রণালয়ের তত্ত্ববধানে জেলা প্রশাসনের সহযোগিতায় অভিবাসন বিষয়ে দেশব্যাপী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার করছে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

‘বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা’ শীর্ষক এই সেমিনারে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্মকর্তারা রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করছেন। স্থানীয় জনপ্রতিনিধি, বিভিন্ন বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি, গণমাধ্যমকর্মী, গন্যমান্য ও অভিবাসন সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করছেন। এই সেমিনার ইতোমধ্যে হবিগঞ্জ, মেহেরপুর, নড়াইল, রংপুর, বগুড়া, কক্সবাজার জেলায় অনুষ্ঠিত হয়েছে। পর্যায়ক্রমে আগামী জুন মাসের মধ্যে দেশের ৬৪ জেলায় এবং পরবর্তীতে সকল উপজেলায় এই সেমিনারের আয়োজন করা হবে।

প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রতি উপজেলা থেকে গড়ে ১ হাজার দক্ষ যুব/যুব মহিলা কর্মী বিদেশে পাঠানোসহ নিরাপদ, সুষ্ঠু, নিয়মিত ও দায়িত্বশীল শ্রম অভিবাসন নিশ্চিত করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় এই সেমিনারের আয়োজন করছে।

বিদেশে কর্মসংস্থানের উদ্দেশ্যে যারা যাবেন, তারা যেন চাকরি ও বেতনসহ অন্যান্য সুযোগ-সুবিধাগুলো সম্পর্কে যেন অবগত থাকেন এ ব্যাপারে সচেতন করা এবং না জেনে-শুনে অজানা গনুবে যেন কেউ পা না বাড়ায় এ বিষয়ে একটা সামাজিক সচেতনতা তৈরি করাই এসব সেমিনারের লক্ষ্য।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল-০১৭১২৩৮০৪৩৫